



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

৪ আগস্ট ২০১৭ খ্রি.

নির্মাণাধীন মেরিনার্স রোড ও ব্রিজ পরিদর্শন করলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে প্রায় ১৬ কোটি টাকা ব্যয়ে ফিরিঙ্গীবাজার থেকে শাহআমানত ব্রিজ পর্যন্ত ১.১৩ কিলোমিটার সড়ক, ৬০ মিটার স্পেনের চাক্তাই পিসি গাড়ার ব্রিজ, ২০ মিটার স্পেনের ফিসারীঘাট পিসি গাড়ার ব্রিজ, ২০ মিটার স্পেনের জলিলগঞ্জ পিসি গাড়ার ব্রিজ, ২০ মিটার স্পেনের টেকপাড়া পিসি গাড়ার ব্রিজ নির্মাণ করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ৪ আগস্ট ২০১৭ খ্রি. সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন উল্লেখিত ব্রিজ ও সড়ক এর নির্মাণ কাজ পরিদর্শনে যান। তিনি নির্দিষ্ট সময়ের মধ্যে ৪টি ব্রিজ ও সড়ক নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান ও চসিকের প্রকৌশল বিভাগকে নির্দেশ দেন। এছাড়াও মেয়র গাজীর ঘাটে ও নতুন ঘাটে অবৈধ দখলদারদের উচ্ছেদের নির্দেশ দেন। এসময় ৩৫নং ওয়ার্ড কাউন্সিলর হাজী নূরুল হক, মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ, ২১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোরশেদুল আলম ও চসিকের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ স্থানীয় ব্যবসায়ী ও গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা